গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.২৪.২৪৯

তারিখ: ২১ চৈত্র ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

বিষয়: বিভিন্ন আবেদনপত্র প্রেরণ সংক্রান্ত নির্দেশনাবলি।

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের বিভিন্ন ধরনের আবেদন এ বিভাগ কর্তৃক দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে আবেদনপত্র প্রেরণ সংক্রান্ত নিম্নবর্ণিত নির্দেশাবলি প্রণয়ন করা হলো:

## নির্দেশনাবলি

| ক্রমিক | আবেদনের ধরন | অনুসরণীয় পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|
| ১. | অর্জিত ছুটি | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন পত্রে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশসহ স্বাক্ষর ও নামের সীল থাকতে হবে। | (ক) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নং ২৩৯৫) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন পত্র |
| ২. | বহিঃবাংলাদেশ ছুটি (বিদেশ ভ্রমণ) | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদনে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশসহ স্বাক্ষর ও নামের সীল থাকতে হবে।<br>(ঘ) ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্ধারিত আবেদন ফরমে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশসহ স্বাক্ষর ও নামের সীল থাকতে হবে।<br>(ঙ) আবেদনে ভ্রমণের সুনির্দিষ্ট তারিখ উল্লেখ করতে হবে।<br>(চ) বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দুতাবাস/হাইকমিশনের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে। | (ক) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নং ২৩৯৫) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন পত্র<br>(খ) যথাযথভাবে পূরণকৃত ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্ধারিত আবেদন ফরম (নামের বানান বাংলার পাশাপাশি ইংরেজিতে উল্লেখ করতে হবে)<br>(গ) চিকিৎসার প্রয়োজনে বহিঃবাংলাদেশ ছুটির ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র<br>(ঘ) মঞ্জুরকৃত শ্রান্তি ও বিনোদন ছুটির সময় বহিঃবাংলাদেশ ছুটি প্রার্থনা করলে ছুটি মঞ্জুরের জিও |
| ৩. | শ্রান্তি ও বিনোদন ছুটি | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) আবেদনপত্রে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ব্যাচের নাম উল্লেখ করতে হবে।<br>(ঘ) প্রার্থিত ছুটির তারিখ উল্লেখ করা যাবে। | (ক) সর্বশেষ শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরির প্রজ্ঞাপনের কপি |
| ৪. | মাতৃত্বকালীন ছুটি | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) আবেদনে প্রথম/দ্বিতীয় সন্তান উল্লেখ করতে হবে। | (ক) চিকিৎসকের ব্যবস্থাপত্র/প্রত্যায়নপত্র |

| | | | |
|---|---|---|---|
| ৫. | অবকাশ ছুটি/ভাতা | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) প্রাপ্যতার বছরে ম্যাজিস্ট্রেসির কর্মকাল উল্লেখ করতে হবে। | (ক) ম্যাজিস্ট্রেসি থেকে বদলির ক্ষেত্রে বদলির প্রজ্ঞাপন |
| ৬. | উচ্চ শিক্ষার্থে প্রেষণ | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) চাকরি স্থায়ী হতে হবে।<br>(ঘ) ইতোপূর্বে প্রেষণ/শিক্ষাছুটি গ্রহণ করে থাকলে সুনির্দিষ্ট সময় উল্লেখ করতে হবে। | (ক) পূর্নবৃত্তিসহ অফার লেটার<br>(খ) আবেদনের পূর্বানুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(গ) প্রেষণ/শিক্ষাছুটির সরকারি আদেশের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৭. | উচ্চ শিক্ষার্থে শিক্ষা ছুটি | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের অগ্রায়ণপত্র থাকতে হবে।<br>(গ) চাকরি স্থায়ী হতে হবে।<br>(ঘ) ইতোপূর্বে প্রেষণ/শিক্ষাছুটি গ্রহণ করে থাকলে সুনির্দিষ্ট সময় উল্লেখ করতে হবে। | (ক) অফার লেটার<br>(খ) আবেদনের পূর্বানুমতি পত্র<br>(গ) প্রেষণ/শিক্ষাছুটির সরকারি আদেশের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৮. | পাসপোর্ট গ্রহণে/নবায়নে অনাপত্তি | (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।<br>(খ) অনাপত্তি সনদের স্মারক নং, তারিখ এবং এনওসি প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর অংশে কিছু লেখা যাবে না। | (ক) যথাযথভাবে পূরণকৃত অনাপত্তি সনদ (NOC) ফরম |

০২। আবেদনকারীগণকে উক্ত নির্দেশাবলি যথাযথভাবে প্রতিপালন করে বিভিন্ন আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নির্দেশনাবলি জারি করা হলো। এ নির্দেশনাবলি অবিলম্বে কার্যকর হবে।

০৪/০৮/২৪

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২

<u>কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
২। জেলা ও দায়রা জজ (সকল)।
৩। মহানগর দায়রা জজ (সকল)।
৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। সিনিয়র সহকারী জজ/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/জেলা লিগ্যাল এইড কর্মকর্তা/সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।